



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
প্রশাসন শাখা

...


সভাপতি ড. আহমেদ উল্লাহ
পরিচালক
সভার তারিখ ২৬ জানুয়ারি ২০২০ খ্রি:
সভার সময় বিকাল ৪.০০ টা
স্থান ফাউন্ডেশনের সভাকক্ষ
উপস্থিতি পরিশিষ্ট ক'তে সন্নিবেশিত হলো

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এপিএ টিমের সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভায় সংশ্লিষ্ট বিষয়ে আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	নিদর্শন দ্রব্য সংগ্রহ	লোককারুশিল্প মেলায় অংশরত কারুশিল্পীদের নিকট থেকে ১৫-২০টি এবং বান্দরবান, খাগড়াছড়ি, রাজশাহী ও রাজশাহী অঞ্চলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের কাছ থেকে এ বছরের নির্ধারিত বাকি নিদর্শন দ্রব্য সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপপরিচালক ডিসপ্লে অফিসার রেজিস্ট্রেশন অফিসার
০২	জামদানি মেলা ও নকশিকাঁথা প্রদর্শনী আয়োজন	আগামী ২০-২২ ফেব্রুয়ারি ২০২০ তারিখে ফাউন্ডেশনে তিনদিনব্যাপী জামদানি মেলা ও নকশিকাঁথা প্রদর্শনী আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। নির্ধারিত সময়ের পূর্বে সার্বিক প্রস্তুতি সম্পন্ন করতে হবে।	ডিসপ্লে অফিসার
০৩	লোককারুশিল্পীদের অংশগ্রহণে দিনব্যাপী কর্মশালা আয়োজন	কারুপণ্যের নকশা, বৈচিত্র্য ও মান উন্নয়নের বিষয়ে মেলায় কর্মরত লোককারুশিল্পীদের নিয়ে ফেব্রুয়ারি ২০২০ এর প্রথম সপ্তাহে দিনব্যাপী কর্মশালা আয়োজন করতে হবে। উল্লিখিত বিষয়ে প্রশিক্ষক হিসেবে লোককারুশিল্প অনুরাগী ও বিশেষজ্ঞদের মধ্য থেকে দুইজন সদস্যকে অন্তর্ভুক্ত করতে হবে।	ডিসপ্লে অফিসার
০৪	কারুশিল্পী পদক সংক্রান্ত	চলতি বছরের কারুশিল্পী পদক জন্য পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের ব্যবস্থা গ্রহণসহ যাবতীয় আনুসঙ্গিক কাজ আগামী ১২ ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে সম্পন্ন করতে হবে।	ডিসপ্লে অফিসার
০৫	কারুশিল্প জরিপ কার্যক্রম	বরিশাল বিভাগের তিনটি উপজেলায় জরিপকারীর মাধ্যমে কারুশিল্পী জরিপ কার্যক্রম শুরু করতে হবে। বরিশাল সদর উপজেলা, বাউফল ও পটুয়াখালীর আরেকটি উপজেলায় জরিপ কার্যক্রম সম্পন্নের বিষয়ে আলোচনা হয়।	ডিসপ্লে অফিসার

০৬	সাময়িকী প্রকাশ সংক্রান্ত	আসন্ন বৈশাখী উৎসবের সময় একটি সাময়িকী প্রকাশের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	উপপরিচালক ডিসপ্লে অফিসার
০৭	গবেষণা ও প্রকাশনা সংক্রান্ত	লোককারুশিল্প বিষয়ে গবেষণাধর্মী পান্ডুলিপি আহবানের বিষয়ে পত্রিকায় বিজ্ঞাপন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপপরিচালক ডিসপ্লে অফিসার
০৮	কিউ আর কোড প্রতিস্থাপন	কিউ আর কোড প্রিন্ট করে ১ সপ্তাহের মধ্যে নির্ধারিত স্থানে প্রতিস্থাপনের কাজ সমাপ্ত করতে হবে।	ডিসপ্লে অফিসার তত্ত্বাবধায়ক
০৯	ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প সংক্রান্ত	লাইব্রেরি ও ডকুমেন্টেশন ভবনের নিচতলায় মাতৃদুগ্ধ পান কর্নার দূত স্থাপন করতে হবে। এ বিষয়টি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) তে অন্তর্ভুক্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিসপ্লে অফিসার তত্ত্বাবধায়ক
১০	স্থানিক ম্যাপ সংযোজন	দর্শনার্থীদের সুবিধার্থে ফাউন্ডেশনের বিদ্যমান মোবাইল অ্যাপসে স্থানিক ম্যাপ বা GPS Navigation অপশন যুক্ত করতে হবে। এই সেবাটি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ডিজিটাল সেবায় অন্তর্ভুক্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিসপ্লে অফিসার তত্ত্বাবধায়ক
১১	প্রশিক্ষণ সংক্রান্ত	আগামী ৪ মার্চ ২০২০ তারিখে ফাউন্ডেশনের চতুর্থ শ্রেণির কর্মচারীদের (মিউজিয়াম অ্যাটেনডেন্ট, মালি, সুইপার, গার্ড, অফিস সহায়ক) অংশগ্রহণে চাকুরীর বিধানবলী, নিয়মিত উপস্থিতি ও নিয়মশৃঙ্খলা সংক্রান্ত দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা হবে। এছাড়াও কর্মচারীদের বিভাগীয় প্রধানের মাধ্যমে শাখাভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপরিচালক ও সকল বিভাগীয় প্রধান
১২	অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত	অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত কাজের ওয়ার্কিং পেপার আগামী ৩ দিনের মধ্যে প্রস্তুত করে নিরীক্ষা দপ্তরে প্রেরণ করতে হবে।	ভারপ্রাপ্ত প্রধান অফিস সহকারী-কাম- হিসাবরক্ষক

অতঃপর আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. আহমেদ উল্লাহ
পরিচালক


স্মারক নম্বর: ৪৩.২৮.০০০০.১১১.১৬.০০১.১৯.৩

তারিখ: ১২ মাঘ ১৪২৬

২৬ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ২) ডিসপ্লে অফিসার, ডিসপ্লে শাখা, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ৩) রেজিস্ট্রেশন অফিসার, গবেষণা শাখা, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ৪) প্রধান অফিস সহকারী কাম হিসাবরক্ষক, হিসাব শাখা, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
- ৫) তত্ত্বাবধায়ক, প্রশাসন শাখা, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন



ড. আহমেদ উল্লাহ
পরিচালক